রোহিঙ্গাদের বিরুদ্ধে অভিযানের দায়িত্বে নতুন জেনারেল

পার্বত্যনিউজ ডেস্ক:

মিয়ানমারের রাখাইনে সামরিক অভিযানের দায়িত্বে থাকা মেজর জেনারেল মাউং সোয়েকে সরিয়ে দেওয়া হয়েছে। তার পরিবর্তে রাখাইনে অভিযানের দায়িত্ব দেওয়া হয়েছে ব্রিগেডিয়ার জেনারেল সোয়ে টিন্ট নাইংকে। সোমবার মিয়ানমারের সেনাবাহিনী এই তথ্য জানিয়েছে।

রাখাইনে সেনা অভিযানে ব্যাপক সহিংসতা, হত্যা, ধর্ষণ ও নিপীড়নের অভিযোগে আন্তর্জাতিক সম্প্রদায়ের সমালোচনা ও চাপের মুখে রয়েছে মিয়ানমারের সেনাবাহিনী। ২৫ আগস্ট রাখাইনে পুলিশ ফাঁড়িতে হামলার পর সামরিক অভিযান জোরদার করে মিয়ানমার। এ অভিযানের পর ৬ লক্ষাধিক রোহিঙ্গা পালিয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে।

জাতিসংঘ মিয়ানমারের সেনাবাহিনীর বিরুদ্ধে জাতিগত নিধনযজ্ঞের অভিযোগ এনেছে। বিভিন্ন মানবাধিকার সংস্থা, রোহিঙ্গারা মানবতাবিরোধী অপরাধের শিকার হচ্ছে বলে দাবি করেছে। মিয়ানমার এসব অভিযোগ অস্বীকার করে আসছে। ইউরোপীয় ইউনিয়ন মিয়ানমারের সেনা কর্মকর্তাদের বিরুদ্ধে আমন্ত্রণ নিষেধাজ্ঞা জারি করেছে। যুক্তরাষ্ট্রও মিয়ানমারের সেনাবাহিনীর বিরুদ্ধে নিষেধাজ্ঞা আরোপের প্রস্তাব এনেছে।

রবিবার জাতিসংঘের মহাসচিবের বিশেষ প্রতিনিধি প্রমীলা প্যাটেন দাবি করেছেন, রাখাইনে মিয়ানমারের সামরিক অভিযানের সময় সেনাদের দ্বারা রোহিঙ্গা নারীদের সংঘবদ্ধ ধর্ষণ ও যৌন নিপীড়নের শিকার হয়েছে। তিনি বিষয়টি আন্তর্জাতিক অপরাধ আদালতে উত্থাপনের কথা জানান।

এই পরিস্থিতিতে রাখাইনের অভিযানে দায়িত্বে থাকা সেনা কর্মকর্তা বদল করা হলো। তবে এই বদলীর কোনও কারণ জানানো হয়নি সেনাবাহিনীর পক্ষ থেকে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ শাখার উপপরিচালক মেজর জেনারেল আই লইন বলেন, কেন তাকে বদলী করা হয়েছে আমি জানি না। তাকে নতুন কোনও দায়িত্বে দেওয়া হয়নি। তাকে রিজার্ভে রাখা হয়েছে।

শুক্রবার মেজর জেনারেল সোয়েকে বদলীর আদেশ দেওয়া হয় বলে জানান উপপরিচালক।

মার্কিন পররাষ্ট্রমন্ত্রী রেক্স টিলারসনের মিয়ানমার সফরের আগ মুহূর্তে এই সিদ্ধান্ত নেওয়া হলো। আগামী সপ্তাহে টিলারসন মিয়ানমার সফর করবেন।

এর আগে অক্টোবরে রাখাইনে ক্লিয়ারেন্স অপারেশনে সেনা সদস্যদের আচরণের বিষয়টি তদন্ত করার ঘোষণা দেয় দেশটির সেনাবাহিনী। ইউরোপীয় ইউনিয়ন মিয়ানমারের শীর্ষ সেনা কর্মকর্তাদের সঙ্গে সম্পর্ক ছিন্ন ঘোষণা করার একদিনের মধ্যে তদন্তের ঘোষণা দিয়েছিল সেনাবাহিনী।

সূত্র: রয়টার্স।